গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-২১/২০২২-২০২৩**
**ময়মনসিংহ, ১৩ আগস্ট, রবিবার ২০২৩, ২৯ শ্রাবণ ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। ভর্তুকি মুল্যে টিসিবির আগস্টের পণ্য বিক্রি শুরু আজ

০২। ডেঙ্গু রোগী বেড়ে যাওয়ায় স্যালাইনের ঘাটতি দেখা দিয়েছে - স্বাস্থ্যমন্ত্রী

০৩। সড়ক ও ড্রেনের নির্মাণকাজ উদ্বোধন করেছেন মসিক মেয়র

০৪। আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের মাঝে খাবার ও বীজ বিতরণ

০৫। ময়মনসিংহে আন্তর্জাতিক যুব দিবস উদযাপনে আলোচনা সভা অনুষ্ঠিত

**০১। ভর্তুকি মূল্যে টিসিবির আগস্টের পণ্য বিক্রি শুরু আজ**

প্রতি মাসের বিক্রয় কর্মসূচির অংশ হিসেবে সরকারি সংস্থা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) আগস্ট মাসের জন্য ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি শুরু করতে যাচ্ছে। রবিবার (১৩ আগস্ট) থেকে সারাদেশের ফ্যামিলি কার্ডধারী এক কোটি নিম্ন আয়ের পরিবারের মধ্যে পণ্য বিক্রি করবে বিসিবি। এদিন রাজধানীর মোহাম্মদপুর টাউন হল বাজার সংলগ্ন পশ্চিম পাশের রাস্তায় আগস্ট মাসের বিক্রয় কার্যক্রম উদ্বোধন করবেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

**০২। ডেঙ্গু রোগী বেড়ে যাওয়ায় স্যালাইনের ঘাটতি দেখা দিয়েছে - স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালিক বলেছেন, হঠাৎ করেই সারাদেশে দশ গুণ ডেঙ্গু রোগী বেড়ে গেছে আর এ কারণেই স্যালাইনের ঘাটতি দেখা দিয়েছে। এজন্য পর্যাপ্ত স্যালাইন প্রস্তুত রাখার কথা বলা হয়েছে। প্রতিদিন গড়ে প্রায় ৪০ হাজার ব্যাগ স্যালাইন প্রয়োজন হচ্ছে, মাস শেষে তা দাঁড়াচ্ছে প্রায় ১২ লাখ ব্যাগ। শনিবার (১২ আগস্ট) সকালে মানিকগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের ডেঙ্গু ইউনিট পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

**০৩। সড়ক ও ড্রেনের নির্মাণকাজ উদ্বোধন করেছেন মসিক মেয়র**

শনিবার (১২ আগস্ট) ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর ৩০ নং ওয়ার্ডে ০৩ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিতব্য সড়ক ও ড্রেনের নির্মাণকাজ উদ্বোধন করেছেন সিটি মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এতে নির্মাণ করা হবে প্রায় দেড় কিলোমিটার সড়ক ও অর্ধ কিলোমিটার ড্রেন। উদ্বোধনকৃত কাজগুলো হলো - খাগডহর তারা মেম্বারের বাড়ি থেকে রেললাইন পর্যন্ত আরসিসি রাস্তা, কিসমত নুরুল ইসলাম সাহেবের বাড়ি থেকে মোক্তারবাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন এবং খাগডহর বৌশাখের মাটিয়াম পুল থেকে রহমতপুর বাজার পর্যন্ত বিসি রোড। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

**০৪। আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের মাঝে খাবার ও বীজ বিতরণ**

নেত্রকোনার পূর্বধলায় ২০২৩-২৪ অর্থবছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি, বর্ষাপ্লাবিত ধানক্ষেত প্লাবনভূমি ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তকরনের অংশ হিসেবে উপজেলার ঐতিহাসিক রাজধলা দিলে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। অপরদিকে কুমারখালী আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের মাঝে শুকনো খাবার ও সবজিবীজ বিতরণ, বৃক্ষরোপণ এবং পারিবারিক বাগান উদ্বোধন করা হয়েছে। শনিবার (১২ আগস্ট) উপজেলা প্রশাসনের আয়োজনে এসব কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া এবং বিশেষ অতিথি হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসক শাহেদ পারভেজ উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক সবুজ।

**০৫। ময়মনসিংহে আন্তর্জাতিক যুব দিবস উদযাপনে আলোচনা সভা অনুষ্ঠিত**

আন্তর্জাতিক যুব দিবস উদযাপন উপলক্ষ্যে শনিবার (১২ আগস্ট) যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। 'Green skills for youth: towards a sustainable world' প্রতিপাদ্য নিয়ে নগরীর টাউন হলস্থ যুব প্রশিক্ষণ কেন্দ্রে এই সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ময়মনসিংহ জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুম। সভায় সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ রোকন উদ্দিন ভূঞা। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** বর্ষা এলেই দেশে সাপের কামড়ে মৃত্যুর খবর আসে। এক হিসাব অনুযায়ী দেশে প্রতিবছর ০৪ লাখ ০৩ হাজার মানুষ সাপের কামড়ের শিকার হয়। এর মধ্যে বছরে গড়ে ০৭ হাজার ৫১১ জন মারা যায়। সাপের কামড় থেকে রক্ষা পাওয়ার জন্য প্রতিরোধমূলক কৌশল সম্পর্কে ঝুঁকিপূর্ণ অঞ্চলের মানুষদের যথাযথ ধারণা দিতে হবে।

**(খ)** **দৈনিক স্বজন:** দেশের জনগণের স্বাস্থ্যসুরক্ষা হুমকির অন্যতম প্রধান কারণ তামাক ও তামাকজাত পণ্যের যথেচ্ছ ব্যবহার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে তামাকমুক্ত করার ঘোষণার পরেও তামাক নিয়ন্ত্রণে ইতিবাচক উদ্যোগ আটকে রয়েছে দীর্ঘ সময়। দেশে বিদ্যমান তামাক নিয়ন্ত্রণ আইনে যে দুর্বলতা রয়ে গেছে সেগুলো দূর করতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার এফসিটিসির আলোকে আইনটিকে সংশোধন করা প্রয়োজন। ধূমপান নিয়ন্ত্রণে আইন করা হোক এবং সে আইনের বাস্তবায়ন করা হোক।

**(গ)** **দৈনিক সবুজ:** ভূমিধ্বস বাড়ছে চট্টগ্রাম ও বান্দরবানে। এর থেকে বাঁচার উপায় কি তা খুঁজে বের করা একান্ত জরুরি। পাহাড়ি এলাকায় বসবাসে ধারণ ক্ষমতার মাত্রা অতিক্রম করলে প্রকৃতি প্রতিশোধ নেবে এটাই স্বাভাবিক। অতিরিক্ত অবকাঠামো নির্মাণে সরকারের আরও কঠোর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি স্থানীয় বাসিন্দাদেরও সচেতন হতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

**০১**। হৃদয়ে বঙ্গবন্ধু - প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন ও দৈনিক সবুজ)

**০২**। বঙ্গবন্ধুর গণদরদি ভাবনা ও গণমুখী রাজনীতি - ডঃ রাহমান নাসির উদ্দিন (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

**০২**। অবহেলিত মানুষের জীবনমান উন্নয়নে 'আশ্রয়ণ' - ডঃ মোঃ আখতারুজ্জামান (দৈনিক নিউ টাইমস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।